

টাকাপয়সা নিয়ে কষ্ট করছেন? আমরা সহায়তার জন্য আছি।

Edinburgh Trust এডিনবার্গের সেই সমস্ত ব্যক্তিদের
অনুদান দেয় যারা আর্থিকভাবে প্রতিকূলতার সম্মুখীন।
আমরা UK charity Turn2us এর অংশ।

আমাদের রেফারেল অংশীদাররা অনুদানের জন্য
আবেদনগুলো জমা দেন। আমাদের রেফারেল অংশীদাররা
হল এডিনবার্গেরই সংগঠন এবং দাতব্য প্রতিষ্ঠান। আপনার
রেফারকারী এই সমস্ত সংগঠনগুলো থেকে আপনার
পরিচিত কেউ হবেন, যার কাজই হল আপনাকে সহায়তা
অথবা পরামর্শ প্রদান করা।



একটি অনুদানের জন্য কারা আবেদন করতে পারেন?

আমাদের অনুদানগুলো সেই সমস্ত ব্যক্তিদের জন্য উপলভ্য যারা এডিনবার্গ শহর চত্বরে বসবাস করেন,
পারিবারিক আয় কম (প্রতিবছর £16k এর কম) এবং সঞ্চয়ও কম।

বিভিন্ন কারণে লোকেরা আমাদের কাছে অনুদান নিতে আসেন। আপনি কী কারণে আবেদন করতে চান
সেই বিষয়ে আপনি সিদ্ধান্ত নিন। উদাহরণস্বরূপ, আমাদের কাছে ঘরের জিনিসপত্র, পোশাক-পরিচ্ছদের
জন্য, দৈনন্দিন জীবনযাপনের খরচে সাহায্য, প্রশিক্ষণের কোর্স এবং আরও অনেক কিছু জন্ম অনুদানের
ব্যবস্থা আছে। আমরা অবিলম্বে এবং ব্যবহারিক প্রয়োজনের জন্য আর্থিক সহায়তা প্রদান করার পাশাপাশি
আপনার দীর্ঘ-মেয়াদী আর্থিক নিরাপত্তায় সহযোগিতা করার খরচও প্রদান করি।

একটি অনুদানের জন্য আবেদন করার ধাপগুলো হল:



প্রথম ধাপ: আপনি নিশ্চিত করেন আপনার
রেফারকারীর কাছে যে আপনি অনুদানটির
মানদণ্ড পূরণ করেছেন।



দ্বিতীয় ধাপ: আপনি এবং আপনার রেফারকারী
একসাথে আবেদনপত্রটি সম্পূর্ণ করেন।



তৃতীয় ধাপ: রেফারকারী আপনার স্বাক্ষরিত
ঘোষণাপত্র এবং আপনার ID-র (আদর্শ ক্ষেত্রে
একটি ব্যাংক কার্ড যাতে আমরা কোনও অনুদান
দিলে আমাদের কাছে সঠিক বিস্তারিত তথ্য থাকে)
কপি সহ আপনার আবেদনটি জমা দেন।



চতুর্থ ধাপ: আবেদনে আপনার শেয়ার করা তথ্য
আমরা খুঁটিয়ে পড়ি এবং সবথেকে ভালোভাবে
আমরা সাহায্য করতে পারি কিনা এবং করলে
তা কীভাবে সেই বিষয়ে মূল্যায়ন করি।



পঞ্চম ধাপ: 10 দিনের মধ্যে আমরা আপনার
আবেদনের ফলাফল সম্বন্ধে আপনাকে
জানাবো। আবেদনটি নিয়ে আমাদের কোনও
প্রশ্ন থাকলে, আমরা আপনার এবং আপনার
রেফারকারীর সঙ্গে যোগাযোগ করব।



ষষ্ঠ ধাপ: আমরা সাহায্য করতে পারলে, আমরা
সিদ্ধান্ত গ্রহণ করার 3-5 কার্যদিবসের মধ্যে
অনুদান প্রদান করব।



সপ্তম ধাপ: কয়েক সপ্তাহ পরে পরিস্থিতি কেমন
রয়েছে সেই নিয়ে মতামত দিতে আমরা একটি
সমীক্ষা ইমেল করব।



অনুদানগুলো কীভাবে প্রদান করা হয়?

আমাদের অনুদানগুলো সাধারণত আপনাকেই
সরাসরি প্রদান করা হয়, যদি না আপনি
অন্যকিছু বলেন। এই অনুদান সাধারণত £500
থেকে £1,000 এর মধ্যে হয়।

অনুদান কোনও ঋণ নয়: এগুলো পরিশোধ
করতে হবে না এবং আমরা তার জন্য কোনও
রশিদ চাইব না।

আমাদের ওয়েবপেজে সম্পূর্ণ তথ্য পাওয়া
যেতে পারে। 'Turn2us Edinburgh Trust'
দিয়ে অনুসন্ধান করুন।

আপনি আমাদের 0131 202 2215
নম্বরে ফোন করতে পারেন অথবা
edinburgh@turn2us.org.uk-এ
ইমেল করতে পারেন।